গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বেলকুচি, সিরাজগঞ্জ
belkuchi.sirajganj.gov.bd

স্মারক নং-০৫.৪৩.৮৮১১.০০১.৩৪.০০৭.২৩. ১৪৬

তারিখঃ ২৫ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ
০৮ ফেব্রয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

## "১৪৩১ বাংলা সনের হাট-বাজার ইজারা দরপত্র বিজ্ঞপ্তি"

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়ের গত ২১/০৯/২০১১ খ্রিঃ তারিখের ৪৬.০৪১.০৩০.০২.০০.০০২.২০১১.৮৭০ নং স্মারকে জারীকৃত সরকারি হাট-বাজারসমূহের ব্যবস্থাপনা, ইজারা পদ্ধতি এবং উহা হতে প্রাপ্ত আয় বন্টন সম্পর্কিত নীতিমালা-২০১১ অনুযায়ী বেলকুচি উপজেলার ভৌগলিক সীমার মধ্যে অবস্থিত এবং উপজেলা পরিষদের নিয়ন্ত্রণাধীন নিম্নবর্ণিত হাট-বাজারসমূহ বাংলা ১৪৩১ সালের জন্য বঙ্গাব্দের ১লা বৈশাখ হতে ৩০ শে চৈত্র ০১ (এক) বছর মেয়াদী ইজারা প্রদানের লক্ষ্যে ইজারা গ্রহণে ইচ্ছুক ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট হতে নির্ধারিত দরপত্র ফরমে বর্ণিত শর্তাবলীর ভিত্তিতে প্রতিটি হাটের জন্য সীলমোহরকৃত পৃথক পৃথক খামে দরপত্র আহবান করা যাচ্ছে।

উল্লেখ্য যে, দরপত্র দাখিলের পূর্বদিন অফিস চলাকালীন সময় পর্যন্ত দরপত্র ফরম জেলা প্রশাসকের কার্যালয়, সিরাজগঞ্জ, সহকারী কমিশনার (ভূমি), বেলকুচি, অফিসার ইনচার্জ, বেলকুচি থানা, সোনালী ব্যাংক, সোহাগপুর শাখা এবং নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় হতে ক্রয় করা যাবে। নির্ধারিত তারিখ দুপুর ০১.০০ ঘটিকা পর্যন্ত জেলা প্রশাসকের কার্যালয়, সিরাজগঞ্জ, পুলিশ সুপারের কার্যালয়, সিরাজগঞ্জ, সহকারী কমিশনার (ভূমি), বেলকুচি এবং নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে রক্ষিত দরপত্র বাক্সে দরপত্র গ্রহণ করা হবে এবং একই দিন বিকাল ৩.০০ টায় নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে দরদাতাগণের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হবে। ত্রুটিপূর্ণ দরপত্র বাতিল বলে গণ্য হবে। দরপত্র সিডিউলে বিস্তারিত শর্ত উল্লেখ আছে যা ওয়েব পোর্টাল হতে এবং নিম্নস্বাক্ষরকারীর অফিস হতে অফিস চলাকালীন সংগ্রহ করা যাবে।

| ক্রঃ নং | হাট-বাজারের নাম | ইউনিয়নের নাম | সরকারি মূল্য | দরপত্র মূল্য (অফেরত যোগ্য) | দরপত্র দাখিলের তারিখ | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | প্রথম বার | দ্বিতীয় বার | তৃতীয় বার |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ১ | মুলকান্দি হাট | বেলকুচি | ১,৪৩৬/- | ৫০০/- | ১৮/০২/২০২৪ | ২৮/০২/২০২৪ | ২১/০৩/২০২৪ |
| ২ | রানিপুরা নতুন বাজার | " | ৬৯৪/- | ৫০০/- | " | " | " |
| ৩ | দেলুয়া নতুন বাজার | " | ৫৮৮/- | ৫০০/- | " | " | " |
| ৪ | জয়গনেছা হাট-বাজার | " | ১,৩০৭/- | ৫০০/- | " | " | " |
| ৫ | রান্ধুনীবাড়ী হাট-বাজার | রাজাপুর | ৩,৮৬,৩৭০/- | ১,৪০০/- | " | " | " |
| ৬ | সমেশপুর হাট- বাজার | " | ২০,৩২,১৯৭/- | ৪,৮০০/- | " | " | " |
| ৭ | তামাই দৈনিক বাজার | ভাঙ্গাবাড়ী | ১,৩০,৭৩৩/- | ১,০০০/- | " | " | " |
| ৮ | তামাই পশ্চিমপাড়া নতুন হাট | " | ৩৭,০৪৬/- | ৫০০/- | " | " | " |
| ৯ | সগুনা নতুন হাট | " | ১,০৪২/- | ৫০০/- | " | " | " |
| ১০ | গুমূর্খী হাট বাজার | দৌলতপুর | ১,৬২,৮৫১/- | ১,০০০/- | " | " | " |
| ১১ | গোপালপুর বটতলা হাটবাজার | " | ৮,৫৩,৬৫৩/- | ২,৪০০/- | " | " | " |
| ১২ | দৌলতপুর হাটবাজার | " | ১,৭৯,১৪০/- | ১,০০০/- | " | " | " |
| ১৩ | আজগড়া হাট | " | ৩,১০,৬১৫/- | ১,৪০০/- | " | " | " |
| ১৪ | বারুপুর হাট | " | ৯৫৪/- | ৫০০/- | " | " | " |
| ১৫ | মতি মার্কেট দৈন্দিক বাজার | " | ২,০০,৩৭৫/- | ১,২০০/- | " | " | " |
| ১৬ | পেস্তক সালাম মার্কেট | " | ৬২,৩৬৩/- | ৫০০/- | " | " | " |
| ১৭ | ধুকুরিয়াবেড়া হাট-বাজার | ধুকুরিয়াবেড়া | ২,৯৯,০৯৭/- | ১,২০০/- | " | " | " |
| ১৮ | কল্যাণপুর হাট বাজার | " | ৬,৬৪,৩০২/- | ২,০০০/- | " | " | " |
| ১৯ | খামার উল্লাপাড়া হাট-বাজার | " | ৩,৫৯,৩৪০/- | ১,৪০০/- | " | " | " |
| ২০ | ধুকুরিয়া হাট-বাজার | " | ১২,৬৯০/- | ৫০০/- | " | " | " |
| ২১ | মবুপুর হাট-বাজার | " | ৩,৭১,৪৪২/- | ১,৪০০/- | " | " | " |
| ২২ | কলাগাছি হাট-বাজার | " | ১৩,৬০৩/- | ৫০০/- | " | " | " |
| ২৩ | ক্ষিদ্রচাপড়ী/গাছচাপড়ী হাট-বাজার | বড়ধুল | ৬৬২/- | ৫০০/- | " | " | " |

উল্লেখ্য, প্রথম বার দরপত্র পাওয়া গেলে এবং দাখিলকৃত দরপত্র অনুমোদিত হলে ১৮-০২-২০২৪ তারিখে ঐ হাট বাজারটির নাম দরপত্র বিজ্ঞপ্তি হতে বাদ দেয়া হয়েছে বলে গণ্য করতে হবে। দ্বিতীয় বার দরপত্র পাওয়া গেলে এবং দাখিলকৃত দরপত্র অনুমোদিত হলে ২৮/০২/২০২৪ তারিখে ঐ হাট-বাজাটির নাম দরপত্র বিজ্ঞপ্তি হতে বাদ দেয়া হয়েছে বলে গণ্য করতে হবে। বিস্তারিত তথ্যাদি নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে থেকে জানা যাবে।

**বাংলা ১৪৩১ সালের হাট-বাজার ইজারার শর্তাবলীঃ**

১। বাংলা ১৪৩১ সালের ১লা বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত ০১ (এক) বছর মেয়াদে হাট-বাজার ইজারা দেওয়া হবে।

২। দরপত্রদাতাকে দরপত্রের সহিত দরপত্রে উল্লেখিত দরের ৩০% (শতকরা ত্রিশ ভাগ) অর্থ জামানত হিসেবে যে কোন তফসিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, বেলকুচি এর অনুকূলে জমা দিতে হবে। অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। উক্ত **অর্থ** হতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং বাকী ৫% অর্থ জামানত হিসাবে সংরক্ষিত থাকবে। ইজারা গ্রহীতা নিয়মিত হাট-বাজার নিজ খরচে পরিস্কার না করলে/অন্য কোন ক্ষতি সাধন করলে উক্ত জামানত হতে তা মিটানো হবে। বৎসর সমাপনান্তে অব্যবহৃত টাকা জমাকারীর বরাবর প্রত্যর্পণ করা হবে।

৩। যার দরপত্র গৃহীত হবে, দরপত্র সংবাদ অবহিত হওয়ার ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লেখিত দরের অবশিষ্ট ৭৫% (শতকরা ৭৫ ভাগ) অর্থ মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ১৫% ভ্যাট এবং ১০% আয়কর (আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা 53C এর সংশোধন মোতাবেক) অবশ্যই একই সঙ্গে পরিশোধ করতে হবে। অন্যথায় হাট-বাজারের জন্য জমাকৃত জামানত বাজেয়াপ্তপূর্বক পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।

৪। প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হবে এবং উক্ত দর যদি সংশ্লিষ্ট হাট-বাজারের সরকারি মূল্যের চেয়ে কম হয় তা হলে পুনরায় দরপত্র আহবান করা হবে।

৫। খামের উপর দরপত্র দাতার নাম, ঠিকানা ও হাট-বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

৬। এক হাট-বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র অন্য হাট-বাজারের দরপত্র হিসাবে ব্যবহার করা যাবে না। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হবে না। এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় আহবানকৃত হাট-বাজারের দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না।

৭। সরকার অনুমোদিত টোল আদায়ের হার মোতাবেক টোল আদায় করতে হবে। বিনা রশিদে টোল আদায় করা যাবে না। ইজারাদার নিজ খরচে বাজারের দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট প্রদর্শনের ব্যবস্থা করবেন।

৮। প্রত্যেক বাজারের জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে। দরপত্রদাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে।

৯। ইজারাদার কোন ক্রমেই হাট-বাজার অন্যের নিকট সাব লিজ দিতে পারবেন না ।

১০। ইজারার সমস্ত অর্থ (ভ্যাট ও আয়কর সহ) পরিশোধের ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে ৩০০/- টাকার নন জুডিশিয়াল স্ট্যাম্পে ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করতে হবে।

১১। দুই বা ততোধিক দরপত্র দাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১২। ইজারাদার নিজ খরচে নিয়মিত হাট বাজার পরিস্কার পরিচ্ছন্ন রাখবেন।

১৩। ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিস্ট্রার সংরক্ষণ করবেন।

১৪। কোন প্রকার ঘষা-মাজা, কাটাকাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহণ যোগ্য হবে না।

১৫। নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট-বাজার ইজারা অনুমোদিত না হলে ইজারা বাতিল বলে গণ্য হবে এবং দাখিলকৃত সময়ে হারাহারিভাবে ইজারার অর্থ কর্তনপূর্বক বাকী অর্থ ইজারাদারকে প্রদান করা হবে।

১৬। হাট-বাজারের ইজারার টাকা সরকারী দাবি আদায় আইন অনুযায়ি সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা যাবে।

১৭। চুক্তি পত্রের যে কোন শর্ত লংঘন করা হলে ইজারা বাতিল করা যাবে।

১৮। দরপত্রে উল্লেখিত দরপত্র দাতার নাম, পিতার নাম ও পূর্ণ ঠিকানা, মোবাইল নং সহ স্বাক্ষর করতে হবে এবং দরপত্রে উল্লেখিত ইজারা মূল্য অংকে ও কথায় সুস্পষ্ট ভাবে লিখতে হবে।

১৯। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

০৮/০২/২০২৪

(আফিয়া সুলতানা কেয়া)
উপজেলা নির্বাহী অফিসার
বেলকুচি, সিরাজগঞ্জ

স্মারক নং-০৫.৪৩.৮৮১১.০০১.৩৪.০০৭.২৩. ১৪৩

তারিখঃ ২৫ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ
০৮ ফেব্রুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলোঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য ৬৬, সিরাজগঞ্জ-৫
২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী
৪। মহাপরিচালক, সিপিটিইউ, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়, ব-ক-১২ (২য় তলা) শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
৫। জেলা প্রশাসক, সিরাজগঞ্জ
৬। পুলিশ সুপার, সিরাজগঞ্জ
৭। উপ-পরিচালক, স্থানীয় সরকার, সিরাজগঞ্জ
৮। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)/(সার্বিক), সিরাজগঞ্জ
৯। চেয়ারম্যান (প্যানেল-১), উপজেলা পরিষদ, বেলকুচি, সিরাজগঞ্জ
১০। মেয়র, বেলকুচি পৌরসভা, বেলকুচি, সিরাজগঞ্জ
১১। সহকারী কমিশনার (ভূমি), বেলকুচি, সিরাজগঞ্জ
১২। উপজেলা......................................অফিসার, বেলকুচি, সিরাজগঞ্জ
১৩। অফিসার ইনচার্জ, বেলকুচি/এনায়েতপুর থানা, সিরাজগঞ্জ
১৪। সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, বেলকুচি, সিরাজগঞ্জ (বিজ্ঞপ্তিটি ওয়েব পোর্টালে আপলোড পূর্বক প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
১৫। চেয়ারম্যান.............................ইউ,পি (সকল) বেলকুচি, সিরাজগঞ্জ
১৬। ম্যানেজার, সোনালী ব্যাংক, সোহাগপুর শাখা, বেলকুচি, সিরাজগঞ্জ
১৭। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা,...............................(সকল) ইউনিয়ন ভূমি অফিস, বেলকুচি, সিরাজগঞ্জ। তার এলাকায় হাট-বাজার সমূহের ব্যাপক ঢোল সহরতের মাধ্যমে প্রচার পূর্বক জারির প্রতিবেদন দাখিল করার জন্য বলা হলো।
১৮। সম্পাদক, ---------------------------------------- পত্রিকা। অত্র বিজ্ঞপ্তিটি তাঁর পত্রিকায় ভিতরের পাতায় স্বল্প পরিসরে বিজ্ঞপ্তি প্রাপ্তির ৩ (তিন) দিনের মধ্যে ১ (এক) দিনের জন্য প্রকাশ করতঃ সৌজন্য কপিসহ বিল দাখিলের জন্য অনুরোধ করা হলো।
১৯। জনাব --------------------------------------ইজারাদার ১৪৩০ বাংলা সনের------------------------হাট-বাজার, বেলকুচি, সিরাজগঞ্জ
২০। নোটিশ বোর্ড/অফিস কপি

০৮/০২/২০২৪

উপজেলা নির্বাহী অফিসার
বেলকুচি, সিরাজগঞ্জ